আলমডাঙ্গায় যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালিত

আলমডাঙ্গায় নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। করোনাভাইরাসের কারণে কর্মসূচিতে এসেছে কিছুটা পরিবর্তন। বন্ধ করা হয়েছে কুচকাওয়াজসহ নানা অনুষ্ঠান। বিজয়ের প্রথম প্রহরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিনের সূচনা করা হয়।

বুধবার সকালে হাইরোডে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা নির্বাহি অফিসার লিটন আলি, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সুলতান জোয়াদ্দার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারী কমিশনার ভুমি, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমঙ্গীর কবির,থানার ওসি তদন্ত মাসুদুর রহমান।

এরপর বীর মুক্তিযোদ্ধা, আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত শেষে জাতীয় পতাকা উত্তোলন ও সালাম গ্রহণ করেন উপজেলা নির্বাহি কর্মকর্তা ও থানার ওসি।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।

আলমডাঙ্গায় সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন ও আলোচনা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন সাহিত্য পরিষদের সহ-সভাপতি ও সম্পাদক মন্ডলির সদস্য হামিদুল ইসলাম আজম।

পত্রিকার মোড়ক উন্মোচন করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হেসেন।

আজ বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে, পত্রিকার মোড়ক

উন্মোচনী সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির,ওসি আলমগীর কবির,মুক্তিযোদ্ধের সংগঠক ডাঃশাহাবুদ্দিন,সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার,মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন,কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা,উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ,মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি,

উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,বিআর ডিবি কর্মকর্তা শায়লা সারমিন,সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন,উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মজিবর রহমান,প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

মৎস সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার,খাদ্য পরিদর্শক রাকিবুল ইসলাম,সমবায় কর্মকর্তা মজিবর রহমান,কবি হাবিবুর রহমান মজুমদার,মহিলা,কবি গোলাম রহমান চৌধুরি,কবি জামিরুল ইসলাম,কবি ইউনুছ আলী,কবি মিজান,কবি নাহিদ,কবি সলক প্রমুখ

আলমডাঙ্গায় গাঁজা সেবনের দায়ে যুবকের জেল জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত রকিবুল ইসলাম রনি(২৭) নামের এক যুবককে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় ওই যুবককে তার আড্ডা ক্যাফে থেকে গাঁজাসহ আটকের পর ভ্রাম্যমাণ আদালতের বিচারে এ সাজা প্রদান করা হয়।

জানা গেছে, আলমডাঙ্গার গোবিন্দপুর মন্ডল পাড়া ঠান্ডু আলির ছেলে রকিবুল ইসলাম রনির স্টেশন রোডে আড্ডা কফি হাউজ নামের একটি দোকান রয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় ওই কফি হাউজে পুলিশ অভিযান চালিয়ে গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জামাদিসহ তাকে আটক করে।

আটকের পর পুলিশ বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলীকে

অবহিত করলে উপজেলা নির্বাহী অফিসার ভ্রাম্যমাণ আদালত বসিয়ে গাঁজা বিক্রি ও সেবনের দায়ে রকিবুল ইসলাম রনিকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা করেছে।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে উপস্থিত ছিলেন থানার এসআই জামালসহ পুলিশ ফোর্স।

আলমডাঙ্গায় দুটি পরিবারের মানবেতর জীবনযাপন

জমি ও ঘর না থাকায় আলমডাঙ্গার কুটি পাইকপাড়ায় মানবেতর জীবনযাপন করছে দুটি পরিবার। সরকারি জমিতে ছোট কুঠির নির্মাণ করে মাথা গোজার স্বপ্ন খুঁজলেও অজ্ঞাত ব্যক্তিদের রোষানলের শিকার হচ্ছেন।

জানাগেছে, আলমডাঙ্গার উপজেলার আইলহাস ইউনিয়নের কুটি পাইকপাড়া গ্রামের তাসলিমা খাতুনের সাথে দীর্ঘ ১৫ বছরের সংসারে ফাটল ধরে সদর থানার শোলগাড়ি গ্রামের শহিদুল ইসলামের সাথে।

গত ৭ বছর পূর্বে তাদের দুজনের ডিভোর্স হয়। ইতোমধ্যে তাসলিমা খাতুনের দাম্পত্য জীবনে দুটি কণ্যা সন্তান জন্ম নেয়। এখন বড় মেয়ে ৭ম শ্রেণী ও ছোট মেয়ে প্রাথমিক স্কুলের ছাত্রী।

তাসলিমা খাতুন ঘোলদাড়ি বাজারে ছোট পরিসরে পার্লারের দোকান দিয়ে তাদের মানুষ করার চেষ্টা করলেও করোনার কারণে সে স্বপ্ন আর পূরণ হয়নি। ডিভোর্সের পর তাসলিমা খাতুন ও তার মেয়েদের নিয়ে বোনের বাড়িতেই অবস্থান করেন। তার বাবা বয়সের ভারে কোন কাজ করতে না পারলেও তারা সেই তাসলিমার সংসারেই অবস্থান করে।

গত ২ বছর পূর্বে তাসলিমার বাবা বড় বোন রোকেয়া খাতুনকে ২শতক জমি রেজিষ্ট্রি করে দেয়। রেজিষ্ট্রি করার পূর্বে তার জমিতে বসবাসের জন্য প্রতিশ্রুতি দিলেও সে তার কথা রাখে নি।

তাসলিমা তার দুই মেয়ে ও বৃদ্ধ বাবাকে নিয়ে না খেয়ে খোলা আকাশের

নিচেই বসবাস করছে।

গত কয়েকদিন পূর্বে ঘোলদাড়ি বাজার প্রাঙ্গণে সরকারি খাস জমিতে টিনের চালা বেধে একটু মাথা গোজার ঠাই করলেও তা অজ্ঞাত ব্যক্তিদের রোষানলে পড়ে ঘর নির্মাণে ব্যঘাত ঘটছে।

এই বিষয়ে তসলিমা খাতুন বলেন, বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাদের জমি ও ঘর নাই তাদের আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে বসবাসের ঘর নির্মাণ করার প্রতিশ্রুতি দিলেও আমরা তা থেকে বঞ্চিত। চেয়ারম্যান ও মেম্বরদের নিকট গেলেও তারা মূল্যায়ন করেনি।

তিনি আরো বলেন, নিজের জমি ও ঘর থাকলে কখনো সরকারি জমিতে ঘর বেধে থাকার স্বপ্ন দেখতাম না। এখানে সরকারি পাবলিক টয়লেট, যেখানে ঘর করছি সেখানে নিচে ধুধু ফাকা জায়গা ও ভাটো নদী। এখানে জীবন যাপন করতে আমাদের সমাজের মানুষ কতজন আগ্রহী এটাই বলতে চায়।

আলমডাঙ্গায় পুলিশের উপস্থিতিতে জমি পেলেন হাজী মোরাদ

আলমডাঙ্গার কালিদাসপুরে বেদখল হওয়া জমির আসল মালিককে কোর্টের রায়ে বুঝিয়ে দিলো পুলিশ। গতকাল রবিবার থানা পুলিশের উপস্থিতিতে হাজী মোহাম্মদ মোরাদ আলিকে এ জমি দখল করে দেয়।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার কালিদাসপুর সাদাব্রিজ প্রাঙ্গণে হাজী মোহাম্মদ মোরাদ আলি ১৯৭৮ সালে এসএ রেকর্ড অনুযায়ী হিন্দু সম্প্রদায়ের হারু লালের নিকট থেকে ২ কাঠা জমি ক্রয় করে। বর্তমানে আরএস রেকর্ডে হাজী মোহাম্মদ মোরাদ আলির মালিকানা। সে দীর্ঘদিন ওই জমিতে দোকান নির্মাণ করে ব্যবসা পরিচালনা করে।

গত ৩ মাস পূর্বে শ্রীরামপুর গ্রামের মৃত-চাঁদ আলী জোয়াদ্দারের ছেলে আক্তার জোয়াদ্দার তার ভাই টাকু জোয়াদ্দার ওই জমি নিজের বলে দখল করে।

এই ঘটনায় হাজী মোহাম্মদ মোরাদ আলি বাদী হয়ে কোর্টে মামলা দায়ের করেন। কোর্টের আদেশ হাজী মোহাম্মদ মোরাদ আলিকে তার নিজ জমির মালিকানা ঘোষণা দেন এবং পুলিশের উপস্থিতিতে হাজী মোহাম্মদ মোরাদ আলিকে জমি বুঝিয়ে দেয়।

আলমডাঙ্গায় মেয়র প্রার্থী আবু মুসার পথসভা

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে মেয়র প্রার্থী জেলা পরিষদ সদস্য ও পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মুসা মোটর সাইকেল শো-ডাউন ও পথসভা করেছেন।

তিনি গতকাল রবিবার সন্ধ্যায় আনন্দধাম, হাউসপুর, হাজী মোড়, পশুহাট মোড়, সোনাপট্রি, মাছবাজার, বন্ডিবল, স্টেশনপাড়া, গোবিন্দপুর, পুরাতন বাস স্ট্যান্ডসহ বিভিন্ন এলাকায় গণসংযোগ করেন।

পরে আলিফ উদ্দিন মোড়ে এক পথসভায় বক্তব্য রাখেন। পথসভায় প্রধান অতিথির বক্তব্য আবু মুসা বলেন, আমি দীর্ঘদিন পৌর আওয়ামী লীগের সভাপতি ছিলাম। সভাপতি থাকা অবস্থায় কখনো কোন অনিয়ম দুর্নীতি করিনি। কারো জমি দখল, থানায় দালালি টাকা আত্মসাত করিনি। মানুষের কল্যাণে কাজ করেছি। এই করোনার সময়ে মানুষের পাশে থেকে সেবা করেছি। আবু মুসা বলেন, এই পৌরসভার চেয়ারে অনেকেই ছিলেন কিন্তু কোন উন্নয়ন করেনি।

আজকে রাস্তা ঘাটের বেহাল অবস্থা। পৌরসভার সার্বিক উন্নয়নে আসন্ন পৌরসভা নির্বাচনে আপনারা আমার সাথে থাকবেন। আমি যদি নির্বাচনে জিততে পারি তাহলে মানুষের কল্যাণে নিজেকে আত্ম নিয়োগ করবো।

সভায় বক্তব্য রাখেনন চাঁদ মিয়া, ফরিদ হোসেন, ছাত্রলীগ নেতা রঞ্জু। হারুন অর রশিদ, নুরুন্নবী, শাহিন রেজা, ঠান্ডু রহমান, ছানোয়ার হোসেন, বাবু মিয়া, কিবরিয়া, লিটন, ওসমান গনি, জয়, সেন্টু, খাইরুল, ফারুক হোসেন, সাব্বির হোসেন, কেস্ট, রকিবুল,

তুষার, সেতু, আব্দুল্লাহ, আক্তারুজ্জামান, আসিফ, সায়েম ও কামাল হোসেন প্রমুখ।

আলমডাঙ্গায় দুই জুয়াড়ির কারাদণ্ড

আলমডাঙ্গায় জুয়া খেলার অপরাধে দুই জুয়াড়িকে কারাদণ্ড দেওয়া হয়েছে। গতকাল রবিবার দুপুরে আলমডাঙ্গায় উপজেলা নির্বাহী অফিসার এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আলমডাঙ্গা শহরের রেলস্টেশন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে জুয়া খেলার সময় পৌর এলাকার রেলকলনী পাড়ার নিরনজন বেদের ছেলে শিবু বেদ (৩০) ও মানিক বেদের ছেলে সুজন বেদ (৩৬)কে, জুয়ার আসর থেকে জুয়া খেলার সময় হাতেনাতে আটক করে পুলিশ।

বিষয়টি আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করলে, তিনি ঘটনা স্থলে উপস্থিত হয়ে, নির্বাহী ম্যাজিস্ট্রেড হিসেবে উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী ভ্রাম্যমাণ আদালত বসিয়ে সুজন বেদ ও শিবু বেদ দুই জনকে একই মেয়াদে ১০ দিনের কারাদণ্ড প্রদান করেন।

আলমডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে বুদ্ধি-প্রতিবন্ধীর মৃত্যু

আলমডাঙ্গার শালিকার বাজার পাড়ায় গলায় ফাঁস দিয়ে গৃহবধূ আত্নহত্যা করেছে। গত বুধবার সন্ধ্যা ৭টার দিকে এ আত্মহত্যার ঘটনাটি ঘটে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের শালিকা গ্রামের আবুল ফজলের মেয়ে সাদিয়া খাতুন (২২) সে বুদ্ধিপ্রতিবন্ধী। বুধবার

সন্ধ্যায় পরিবারের উপরে অভিমান করে বাড়ির রান্না ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যার চেষ্টা করে।

পরিবারের লোকজন সাদিয়াকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। তার শারীরিক অবস্থা অবনতি হলে রাজশাহী মেডিক্যাল হাসপাতালে রেফার্ড করে। সাদিয়া চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। এই ঘটনায় সাদিয়ার ভাই সবুজ আলি বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করে।

আলমডাঙ্গায় বদ্ধভূমি পার্কের উদ্বোধন

আলমডাঙ্গায় বদ্ধভূমি সংলগ্ন বিনোদন পার্ক নির্মাণ কাজের উদ্বোধন করেছে জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা -১ আসনের এমপি ছেলুন জোয়াদ্দার। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে পৌর এলাকার বদ্ধভূমি প্রাঙ্গণে এ কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, ডিসেম্বর মাস, বিজয়ের মাসে স্বাধীনতার চেতনা যারা বিশ্বাস করে তাদের সকলের সহযোগীতায় বধ্যভূমি পার্ক নির্মাণ করা হচ্ছে। ১৯৭১ সালে আলমডাঙ্গা লাল ব্রীজ হতে পাক সেনারা সাধারণ মানুষ ধরে এই বধ্যভূমির পাশে হত্যা করেছিল। বধ্যভূমি তৈরির উদ্যশ্য নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানান, এই বধ্যভূমি দাঁড়িয়ে আছে পাকিস্থানীদের অত্যাচার, অবিচারের সাক্ষী হয়ে।

এখানে নতুন, যারা বধ্যভূমি দেখতে আসবেন তারা মুক্তিযুদ্ধের ইতিহাস যেমন জানবেন, তেমন আলমডাঙ্গায় চিত্ত বিনোদনের কোন জায়গা নেই, সেই লক্ষে আজ বধ্যভূমি পার্কের নির্মাণ কাজের উদ্বোধন করা হল। এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদিন গনু, উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আনিছুর রহমন মল্লিক, খন্দকার শাহ আলম মন্টু, বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মনীন্দ্র নাথ দত্ত, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, সাবেক পৌর সভাপতি আবু মুছা, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু,বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার,আসিকুর রহমান ওল্টু, রিপন শাহ, আহসান উল্লাহ, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, সাকিব, হাসান প্রমুখ।